

২০২০

বাংলা

দ্বিতীয় সেমিস্টার (DODL)

অষ্টম পত্র

আধুনিক বাংলা উপন্যাস

পূর্ণমান : ৮০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। ‘হাঁসুলী বাঁকের উপকথা’ উপন্যাসে কাহারদের জীবন ও সংস্কৃতির যে পরিচয় পাওয়া যায় তা নিজের ভাষায় প্রকাশ করো।

অথবা

‘হাঁসুলী বাঁকের উপকথা’ উপন্যাসের কথক সূচাঁদ চরিত্রটির গুরুত্ব বিচার করো। ১৫

- ২। বাংলা উপন্যাসে প্রথম যথার্থ নিঃসঙ্গ নায়ক শশী – ‘পুতুলনাচের ইতিকথা’ উপন্যাসে অবলম্বনে মন্তব্যটি প্রতিষ্ঠা করো।

অথবা

‘পুতুলনাচের ইতিকথা’ উপন্যাসে উপকাহিনী বিশ্লেষণ করে তার গুরুত্ব বুঝিয়ে দাও। ১৫

- ৩। প্রকৃতিপ্রেমিক বিভূতিভূষণকে সম্পূর্ণভাবে ‘আরণ্যক’ উপন্যাসে পাওয়া যায় – মন্তব্যটি যথাযথ কিনা বিচার করো।

অথবা

‘আরণ্যক’ উপন্যাসের অপ্রধান পুরুষ চরিত্র সম্পর্কে আলোচনা করো। ১৫

- ৪। ‘লালসালু’ উপন্যাসে রহিমা ও জমিলা এই দুই নারী চরিত্রের ভূমিকা বুঝিয়ে দাও।

অথবা

‘লালসালু’ উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো। ১৫

- ৫। নিম্নলিখিত উদ্ধৃতিগুলি সপ্রসঙ্গ ব্যাখ্যা করো (যে-কোনো চারটি):
৫×৪=২০

ক) ‘ভগবান যে আমাকে পুরুষ গড়েও মেয়ের মন দিয়েছে।’

অথবা

‘করালী নতুন যুগের পথিক। সে পুরোনো সংস্কার মানে না।’

খ) ‘কাকে ডাকছেন ছোটবাবু, কে যাবে আপনার সঙ্গে? কুসুম কি বেঁচে আছে? সে মরে গেছে।’

অথবা

‘সত্যি মিথ্যায় জড়ানো জগৎ। মিথ্যারও মহত্ত্ব আছে। হাজার হাজার মানুষকে পাগল করিয়া দিতে পারে মিথ্যার মোহ।’

গ) 'কি করিয়া চাকুরি পাইলাম তাহা বেশি বলিবার আবশ্যিক
নাই।'

অথবা

'জীবনের বেশির ভাগ সময় কলিকাতায় কাটাইয়াছি।'

ঘ) 'ঝালরওয়ালা লালসালু দ্বারা আবৃত হল মাছের পিঠের
মত সে কবর।'

অথবা

'ওধারে ধোঁয়া হয়, শব্দ হয় ভাপের। যেন শত সহস্র
সাপ শিষ দেয়।'
